NYC Department of Education

চ্যান্সেলরের প্রবিধান A-101 – সংযুক্তি নং 6

আবাসন বা হাউজিং সংক্রান্ত প্রশ্নাবলী

পিতামাতা/অভিভাবক/শিক্ষার্থী:

এই ফর্মটির উদ্দেশ্য ম্যাককিনি-ভেন্টো অ্যাক্ট 42 U.S.C. 11435-এর শর্ত পূরণ করা এবং এটি অবশ্যই প্রতিটি শিক্ষার্থীর জন্য পূরণ করতে হবে। **আপনার দেওয়া তথ্য গোপন থাকবে।** আপনার দেওয়া তথ্যের উপর ভিত্তি করে আপনার সন্তানের সাথে বৈষম্য করা হবে না।

শিক্ষার্থী কী কী পরিষেবা পাওয়ার যোগ্য, সেটা নির্ধারণে সহায়তা করার জন্য অনুগ্রহ করে শিক্ষার্থীর হাউজিং বা আবাসন-সংক্রান্ত নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দিন।

স্কুল/অস্থায়ী আবাসন বা টেম্পোরারি হাউজিংয়ের লিয়াজোঁ-র জন্য দ্রষ্টব্য: অনুগ্রহ করে শিক্ষার্থী ও পরিবারকে এই ফর্ম পূরণে সহায়তা করুন। অযথা এই ফর্ম রেজিস্টেশন প্যাকেজে অন্তর্ভুক্ত করবেন না, কারণ শিক্ষার্থী যদি অস্থায়ী আবাসন বা টেম্পোরারি হাউজিংয়ে বসবাসকারী হিসেবে যোগ্য হয়, তাহলে রেজিস্ট্রেশন প্যাকেজের অংশ হিসেবে অন্যান্য আবশ্যক কাগজপত্রের পাশাপাশি, **শিক্ষার্থীকে তার বাসস্থানের ঠিকানার প্রমাণ জমা দিতে হয় না** । পিতামাতার সম্মতি ছাড়া ডিস্ট্রিক্ট বাসস্থানের অবস্থা সম্পর্কিত তথ্য প্রকাশ করতে পারবে না।

শিক্ষার্থীর নাম এবং তথ্য:

শেষ নাম	প্রথম নাম	মধ্য নাম

OSIS নম্বর	জন্মতারিখ (মাস/দিন/বৎসর)	স্কুল

অনুগ্রহ করে শিক্ষার্থীর বাসস্থানের বর্তমান ব্যবস্থা চিহ্নিত করুন। অনুগ্রহ করে একটি বক্স-এ টিক-চিহ্ন দিন:

টিক (√)	আবাসন (হাউজিং) সংক্রান্ত প্রশ্নাবলী বাছাই	(শুধুমাত্র স্কুলের ব্যবহারের জন্যে) ATS কোড
☐	**ডাবলড আপ** - বাসস্থান না থাকায় অথবা আর্থিক টানাপোড়নের জন্য অন্য পরিবার অথবা ব্যক্তির সাথে বাসস্থান ভাগাভাগি করছে	D
☐	**শেল্টার** - জরুরি ও উত্তরণকালীন আশ্রয় বা শেল্টার	S
☐	**হোটেল/মোটেল** - এমন কোথাও বাস করছে যা জরুরি বা উত্তরণকালীন আশ্রয়কেন্দ্র বা শেল্টার নয় এবং এতে ভাড়া দিতে হয়	H
☐	**অন্যান্য অস্থায়ী আবাসন অবস্থা** - ট্রেইলার পার্ক, ক্যাম্পগ্রাউন্ড, গাড়ি, পার্ক, উন্মুক্ত স্থান, পরিত্যক্ষ ভবন, রাজপথ, কিংবা অন্য যেকোন বসবাসের জন্যে যথেষ্ট নয় এমন স্থান	T
☐	**স্থায়ী আবাসন** - যে শিক্ষার্থী কোন স্থায়ী, নিয়মিত, এবং বাস-উপযোগী স্থানে বাস করছে	P

শিক্ষার্থী যদি কোন স্থায়ী বাসস্থানে না থাকে, তাহলে নিম্নলিখিতটি প্রযোজ্য হলে তাও চিহ্নিত করুন:

	সঙ্গীহীন কিশোর-কিশোরী - যে কিশোর-কিশোরী একজন পিতামাতা বা অভিভাবকের প্রত্যক্ষ তত্ত্বাবধানে থাকে না	**(শুধুমাত্র স্কুলের ব্যবহারের জন্যে) যদি প্রযোজ্য হয় তবে "Y" লিখুন**

_____ _____ _____

পিতামাতা/অভিভাবক (ইংরেজি বড় অক্ষরে) পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর তারিখ

অনুগ্রহ করে অনুরোধ অনুযায়ী আপনার সন্তানের স্কুলে এই ফর্ম জমা দিন।

দ্রষ্টব্য: ম্যাককিনো ভেন্টো অ্যাক্ট অনুযায়ী আপনার সন্তান কী কী পরিষেবা লাভের উপযুক্ত হতে পারে, আপনার দেয়া উপরের উত্তর তা নির্ধারণে সহায়তা করবে। যেসব শিক্ষার্থী এই অ্যাক্ট অনুসারে সুরক্ষা লাভ করে, তারা সাধারণত আবশ্যক কাগজপত্র, যেমন বাসস্থানের প্রমাণ, স্কুলের রেকর্ড, টিকা-ইঞ্জেকশনের রেকর্ড বা বার্থ সার্টিফিকেট ইত্যাদি ছাড়াই সাথে সাথে স্কুলে ভর্তি হতে পারার অধিকার রাখে। শিক্ষার্থী ভর্তি হওয়ার পর নতুন স্কুলকে অবশ্যই শিক্ষার্থী সর্বশেষ যে স্কুলে সে পড়েছে, সে স্কুলের সাথে যোগাযোগ করে শিক্ষার্থীর টিকা-ইঞ্জেকশন, এবং টেম্পোরারি হাউজিং (STH) রেকর্ডসহ শিক্ষাগত রেকর্ড পাঠাবার অনুরোধ জানাতে হবে। লিয়াজোঁকে অবশ্যই শিক্ষার্থীকে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করতে এবং টিকা গ্রহণ করতে সহায়তা করতে হবে। যেসব শিক্ষার্থী ম্যাককিনি-ভেন্টো অ্যাক্ট-এর অধীনে সুরক্ষিত, তারা বিনা খরচে যাতায়তা ও অন্যান্য পরিষেবা পাবার যোগ্য। অনুগ্রহ করে সূত্রের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-780 দেখুন।

এই ফর্মের সাথে এক পাতার সংযুক্তি আছে যার শিরোনাম: "ম্যাককিনো-ভেন্টো হোমলেস অ্যাসিস্ট্যান্স অ্যাক্ট - স্টুডেন্টস ইন টেম্পোরারি হাউজিং গাইড ফর প্যারেন্টস অ্যান্ড ইয়ুথ।"